

ঢাবিতে নিষিদ্ধ ছাত্রলীগের ঝাটিকা মিছিল, ছাত্রলীগ নেতাসহ আটক ২

ঢাবি প্রতিনিধি



সংগৃহীত ছবি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) রাজু ভাস্কর্যের সামনে ঝাটিকা মিছিল করেছে নিষিদ্ধ ঘোষিত সংগঠন ছাত্রলীগ। এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের ছাত্রলীগ নেতাসহ দুইজনকে আটক করেছে পুলিশ। আটকের বিষয়টি বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ও পুলিশ নিশ্চিত করেছেন।

শনিবার (২ মে) ভোর আনুমানিক ৬টার দিকে এ ঝাটিকা মিছিল করেন তারা।

আটকরা হলেন— আটক মধ্যে ফারহান বিশ্ববিদ্যালয়ের ভাষাবিজ্ঞান বিভাগের

২০১৯-২০ সেশনের শিক্ষার্থী ও স্যার এ এফ রহমান হল ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক। আরেকজন হলেন মাইক্রোবাসচালক রুবেল।

প্রত্যক্ষদর্শী সূত্রে জানা গেছে, শনিবার সকালে ১০ থেকে ১২ জন রাজু ভাস্কর্যের পাদদেশে জড়ো হয়ে মিছিল ও ব্যানার প্রদর্শন করেন। সংক্ষিপ্ত সময়ে কর্মসূচি শেষ করেই তারা দ্রুত একটি কালো মাইক্রোবাসে উঠে ঘটনাস্থল ত্যাগ করেন।

এ সময় ঘটনাস্থলে থাকা আরেকটি মাইক্রোবাস থেকে দুইজনকে আটক করে পুলিশ। পরে তাদের জিজ্ঞাসাবাদের জন্য থানায় নেওয়া হয়।

বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক সাইফুদ্দিন আহমেদ বলেন, ‘ভোর সাড়ে ছয়টার দিকে ঝাটিকা মিছিল থেকে এক শিক্ষার্থীকে আটক করেছে পুলিশ।’

ঢাকা মেট্রোপলিটন পুলিশের রমনা বিভাগের উপ-পুলিশ কমিশনার মাসুদ আলম গণমাধ্যমকে জানান, রাজু ভাস্কর্য এলাকায় ছাত্রলীগের ঝাটিকা মিছিল চলাকালে দুইজনকে আটক করা হয়েছে।

বিষয়টি তদন্তাধীন রয়েছে।